**AKASHVANI (Kolkata)**

**Regional News Unit**

**Date : 08-07-2025** **Desk in Charge : S.M.**
**Time: 7-50 PM** **Editor: DSS**
**DEO : KB** **NR : DSS**

Announcement :- আকাশবাণী / খবর পড়ছিঃ Announcement :-

আকাশবাণী / খবর পড়ছিঃ –

১/ দক্ষিণ কলকাতার কসবার ল'কলেজে তরুণী ছাত্রীর গণধর্ষণের ঘটনায়, পুলিশ যথাযথ তদন্ত করছেনা বলে, বিজেপি অভিযোগ করেছে।

# দলের ফ্যাক্ট ফাইন্ডিং কমিটি আজ নতুন দিল্লীতে দলের সর্বভারতীয় সভাপতি জগত প্রকাশ নাড্ডার কাছে তাদের রিপোর্ট পেশ করে।

# এই গণধর্ষণ কান্ডে চার অভিযুক্তকে আদালত আজ আবারো ২২শে জুলাই পর্যন্ত জেল হেফাজতে পাঠিয়েছে।

২/ রাজ্যে নারী নির্যাতনের প্রতিবাদে বিজেপি যুব মোর্চা যে 'উত্তরকন্যা অভিযানে'র ডাক দিয়েছে, শিলিগুড়ি পুলিশ তাতে অনুমতি না দেওয়ায় তারা কলকাতা হাইকোর্টের জলপাইগুড়ি সার্কিট বেঞ্চের দ্বারস্থ হয়েছে।

৩/ কলকাতা হাইকোর্ট, স্কুল সার্ভিস কমিশন SSC-র নতুন নিয়োগ পরীক্ষায় অযোগ্য হিসেবে চিহ্নিতরা বসতে পারবে না বলে যে নির্দেশ দিয়েছে, তাকে চ্যালেঞ্জ জানিয়ে SSC ও রাজ্য সরকার, আদালতের দ্বারস্থ হয়েছে।

# বাতিল হওয়া চাকরী ফেরানোর দাবীতেয়াজ নবান্ন অভিযানে সামিল হয়েছেন চাকরীহারা শিক্ষাকর্মীদের একাংশ।

৪/ শ্রম কোড বাতিল, কর্মসংস্থান, শ্রমিকদের মজুরি বৃদ্ধি সহ ১৭ দফা দাবিতে শ্রমিক সংগঠন এবং শিল্প ফেডারেশনগুলি আগামীকাল দেশ জুড়ে ধর্মঘটের ডাক দিয়েছে।

৫/ গাঙ্গেয় পশ্চিমবঙ্গে সৃষ্ট নিম্নচাপ অঞ্চল, তার ওপর দিয়ে বিস্তৃত মৌসুমী অক্ষরেখার প্রভাবে, দক্ষিণবঙ্গে প্রায় সব জেলাতেই বিক্ষিপ্তভাবে বৃষ্টি হচ্ছে।

*****************************************************************************

দক্ষিণ কলকাতার কসবার ল'কলেজে তরুণী ছাত্রীর গণধর্ষণের ঘটনায়, পুলিশ যথাযথ তদন্ত করছেনা বলে, বিজেপি অভিযোগ করেছে। ওই ঘটনা খতিয়ে দেখতে আসা বিজেপির 'ফ্যাক্ট ফাইন্ডিং কমিটি', আজ নতুন দিল্লীতে দলের সর্বভারতীয় সভাপতি জগত প্রকাশ নাড্ডার কাছে তাদের রিপোর্ট জমা দেয়। পরে ঘটনার পরিদর্শনে আসা কেন্দ্রীয় প্রতিনিধি দলের সদস্য সত্যপাল সিং সাংবাদিকদের বলেন, পুলিশ সমস্ত তথ্য বিকৃত করেছে। ঘটনার মূল অভিযুক্তের নামই FIR থেকে সরিয়ে দেওয়া হয়েছে বলেও তাঁর দাবী। মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী, রাজ্যে অপরাধীদের প্রশয় দিচ্ছেন এবং পুলিশ প্রশাসন তাদের দায়িত্ব পালনে ব্যর্থ বলেও শ্রী সিং অভিযোগ করেন। মহিলা মুখ্যমন্ত্রীর শাসনকালে আইনের ছাত্রীর ওপর এই ধরণের নির্যাতন অত্যন্ত দুর্ভাগ্যজনক ঘটনা হিসেবে অভিহিত করেন তিনি।

( বাইট- সত্যপাল সিং )

রিপোর্টে আরও বলা হয়েছে, এই ঘটনায় তথ্য গোপন করতে কিংবা কোনো প্রভাবশালীকে বাঁচাতে অভিযুক্তদের নাম না লিখে শুধুমাত্র তাদের নামের অধ্যক্ষ লেখা হয়েছে। এই নিয়ে কলকাতার পুলিশ কমিশনারকে প্রশ্ন করা হলে তিনি কোন সঠিক উত্তর দিতে পারেননি। প্রকৃত সত্য প্রকাশ্যে যাতে না আসে তার জন্য তড়িঘড়ি কলেজের নিরাপত্তা রক্ষীকে গ্রেফতার করা হয়েছে। কলেজের গভর্নিং বডি এই ঘটনার সঙ্গে সরাসরি জড়িত এবং বিধায়ক অশোক দেব মূল অভিযুক্ত সম্পর্কে যাবতীয় বিষয় জানা সত্ত্বেও তাকে অস্থায়ী পদে নিয়োগ করেছেন। নির্যাতিতা ও তার পরিবারের সঙ্গে দেখা না করতে দেওয়ার জন্য পুলিশ সব ধরনের প্রচেষ্টা চালিয়েছে।

উল্লেখ্য, বিজেপির চার সদস্যের ওই কমিটি, তাদের রিপোর্টে নিরপেক্ষ বিচার বিভাগীয় তদন্তের সুপারিশ করেছে। সত্যপাল সিং ছাড়াও কমিটিতে ছিলেন, মীনাক্ষী লেখি, বিপ্লব কুমার দেব, মনন কুমার মিশ্র।

********************

কসবা ল'কলেজে গণধর্ষণ কান্ডে, চার অভিযুক্তকে আজ আবার আলিপুর আদালতে তোলা হলে, তাদের ২২ শে জুলাই পর্যন্ত জেল হেফাজতে পাঠানো হয়েছে। ধৃতরা

মনজিত মিশ্র, প্রমিত মুখোপাধ্যায়, জইদ আহমেদ, নিরাপত্তা রক্ষী পিনাকী বন্দোপাধ্যায় । এদের মোবাইল ফোন বাজেয়াপ্ত করা হয়েছে।

*********************

ক্লাস ফাইভের এক নাবালিকা ছাত্রীর শ্লীলতাহানির অভিযোগে উত্তরদিনাজপুরের ডালখোলার সুজাপুর এলাকা আজ উত্তপ্ত হয়ে ওঠে।

জানা গেছে, গতকাল স্কুলে মনীশ অধিকারী নামে এক অস্থায়ী কর্মী বাচ্চা মেয়েটির সঙ্গে অভব্যতা করে। কোনোক্রমে সেখান থেকে পালিয়ে এসে ঘটনার কথা বাড়িতে জানায় সে। এরপর থেকেই অত্যন্ত আতঙ্কের মধ্যে রয়েছে ওই নাবালিকা। পরিবারের তরফে থানায় অভিযোগ দায়ের হয়। এদিকে, খবর প্রকাশ্যে আসতেই আজ স্থানীয় বাসিন্দারা অভিযুক্তের বাড়ি ও দোকান ভাঙচুর ক'রে আগুন ধরিয়ে দেয়। স্কুল কর্তৃপক্ষ জানিয়েছে, ইতিমধ্যেই মনীশকে বরখাস্ত করা হয়েছে। একইসঙ্গে পুলিশও তাকে গ্রেপ্তার করেছে।

*********************

মালদার কালিয়াচকে আক্রান্ত পুলিশ। দশ বছরের এক নাবালিকাকে ৫০ বছর বয়সী এক টোটো চালক শ্লীলতাহানি করার ঘটনায় অভিযুক্তকে উত্তেজিত জনতার হাত থেকে উদ্ধার করতে গিয়ে আক্রান্ত হল পুলিশ। এই ঘটনাকে কেন্দ্র করে আজ ব্যাপক উত্তেজনা ছড়াল কালিয়াচকের করারি চাঁদপুর হারকালা টোলা এলাকায়। যদিও পরবর্তীতে বিশাল পুলিশ বাহিনী গিয়ে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে বলে খবর।

জানা গেছে, গতকাল স্কুলে দশ বছরের এক নাবালিকাকে স্কুলে নিয়ে যাওয়ার সময় ৫০ বছর বয়সী এক টোটো চালক তার সঙ্গে অভব্য আচরণ করে এবং তার শ্লীলতাহানি করে বলে অভিযোগ। যা স্থানীয়দের নজরে পড়তেই স্থানীয় বাসীন্দারা ওই টোটো চালককে ধরে প্রচন্ড মারধর করতে শুরু করেন। পুলিশ অভিযুক্ত টোটো চালককে উত্তেজিত জনতার হাত থেকে উদ্ধার করতে গেলে পরিস্থিতি আরও উত্তপ্ত হয়ে ওঠে। উত্তেজিত জনতা পুলিশের উপর হামলা চালায় বলে অভিযোগ।

হামলায় এক পুলিশ অফিসার সহ বেশ কয়েকজন সিভিক ভলান্টিয়ার আহত হন।

*********************

রাজ্যে নারী নির্যাতনের প্রতিবাদে বিজেপি যুব মোর্চা যে ‘উত্তরকন্যা অভিযানে'র ডাক দিয়েছে, শিলিগুড়ি পুলিশ তাতে অনুমতি দেয়নি। এর বিরুদ্ধে তারা কলকাতা হাইকোর্টের জলপাইগুড়ি সার্কিট বেঞ্চের দ্বারস্থ হয়েছে।
যুব মোর্চার এই পদক্ষেপে ‘গণতন্ত্র বিরোধী পুলিশ’ বাধা দিচ্ছে বলে, শিলিগুড়ির বিধায়ক, বিজেপি পরিষদীয় দলের মুখ্য সচেতক শংকর ঘোষ অভিযোগ করেছেন। তাঁর দাবী, পুলিশ দলদাসে পরিণত হয়েছে। যখনই বিজেপি কোনো কর্মসূচি নিয়েছে তারা তা বাতিল করে দিয়েছে। যেভাবে পুলিশ বিরোধীদের দমিয়ে রাখার চেষ্টা করছে, তাঁকে সর্বকালীন লজ্জা বলেও অভিহিত করেন শঙ্করবাবু।

( বাইট- শঙ্কর ঘোষ )

*********************

অভয়া কাণ্ডের এক বছর পর, ফের একবার ‘রাতভর প্রতিবাদ’ কর্মসূচীর ডাক দিয়েছে ‘ওয়েস্টবেঙ্গল জুনিয়র ডক্টরস্ ফ্রন্ট’। আজ এক সাংবাদিক বৈঠকে ফ্রন্টের সদস্য ডক্টর দেবাশীষ হালদার, অনিকেত মাহাতো সহ অন্যরা জানান, আগামী ৮ ই আগস্ট রাত বারোটা থেকে পরদিন ভোর চারটে পর্যন্ত রাস্তায় থাকবেন তাঁরা। দেবাশীষ জানান, ৯ই আগস্ট সকালে ‘ক্রাই অফ আওয়ার’-এর সামনে জমায়েত হবে। অভয়া কাণ্ডে নির্যাতনের ঘটনা রাজ্যবাসী ভোলেননি বলে মন্তব্য করেন তিনি। ন’তারিখেই অভয়া মঞ্চের আহ্বানে কালীঘাট এবং বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীর ডাকে নবান্ন অভিযানের ডাক দেওয়া হয়েছে।

*********************

স্পটলাইট আলোচনার এবারের বিষয় Axiom 4 মিশন।
শুনবেন আজ রাত সাড়ে আটটায় সঞ্চয়িতা প্রচার তরঙ্গ এবং আকাশবাণী সংবাদ সোশ্যাল মিডিয়া প্ল্যাটফর্মে। অংশ নিয়েছেন ইন্ডিয়ান সেন্টার ফর স্পেস ফিজিক্স এর ডিরেক্টর প্রফেসর সন্দীপ চক্রবর্তী। কথা বলেছেন কল্যাণ লাহা।

*********************

কলকাতা হাইকোর্ট, স্কুল সার্ভিস কমিশন SSC-র নতুন নিয়োগ পরীক্ষায় অযোগ্য হিসেবে চিহ্নিতরা বসতে পারবে না বলে যে নির্দেশ দিয়েছে, তাকে চ্যালেঞ্জ জানিয়ে

SSC ও রাজ্য, আদালতের দ্বারস্থ হয়েছে। বিচারপতি সৌমেন সেনের ডিভিশন বেঞ্চ আজ এব্যাপারে মামলা দায়েরের অনুমতি দিয়েছে। আগামীকাল শুনানির সম্ভাবনা।

উল্লেখ্য, সুপ্রিম কোর্টের নির্দেশ অনুসারে জারি হওয়া SSC-র নতুন বিজ্ঞপ্তিকে চ্যালেঞ্জ জানিয়ে দাখিল আবেদনের শুনানি গ্রহণ করে বিচারপতি সৌগত ভট্টাচার্য্য গতকাল জানান, অযোগ্য হিসেবে চিহ্নিতরা পরীক্ষায় বসতে পারবে না। এধরণের কোন প্রার্থী আবেদন করে থাকলে, তা'ও বাতিল করতে হবে।

সুপ্রিম কোর্টের নির্দেশে প্রায় ২৬ হাজার শিক্ষক ও শিক্ষা কর্মী চাকরী বাতিলের পর গত ৩০ শে মে নতুন করে নিয়োগের বিজ্ঞপ্তি জারি করে শিক্ষা দপ্তর। প্রায় ৪৪ হাজার শূন্য পদের ঐ বিজ্ঞপ্তি নিয়ম মেনে হয়নি বলে দাবি জানিয়ে কলকাতা হাইকোর্টে মামলা দায়ের হয়।

এদিকে, ২০১৬ সালের নিয়োগ প্রক্রিয়া নিয়ে রাজ্য শিক্ষা দপ্তরের জারি করা নতুন বিজ্ঞপ্তিকে ডিভিশন বেঞ্চে চ্যালেঞ্জ জানিয়েছেন যোগ্য চাকরীপ্রার্থীদের একাংশ। এর আগে কলকাতা হাইকোর্টের সিঙ্গল বেঞ্চে চারটি দাবি জানিয়ে তারা আবেদন করেন। তার মধ্যে অযোগ্য প্রার্থীদের পরীক্ষায় না বসার নির্দেশ দেওয়া হলেও, নতুন রুল জারি করে সংশ্লিষ্ট বিজ্ঞপ্তি বাতিল, যোগ্যদের বয়স ছাড় এবং অভিজ্ঞতার জন্য অতিরিক্ত ১০ নম্বর দেওয়ার বিষয়টি খারিজ করার দাবিগুলিতে সিঙ্গল বেঞ্চ কোনো নির্দেশ দেয়নি। এর প্রেক্ষিতেই ডিভিশন বেঞ্চের দৃষ্টি আকর্ষণ করেছেন আইনজীবী ফিরদৌস শামিম। দুই বিচারপতি সৌমেন সেন ও বিচারপতি স্মিতা দাস দে-র ডিভিশন বেঞ্চে আগামীকাল এই মামলাটির শুনানির সম্ভাবনা।

*********************

সুপ্রিম কোর্টের নির্দেশে বাতিল হয়ে যাওয়া চাকরি ফেরানোর দাবিতে আজ নবান্ন অভিযানে সামিল হয়েছেন, চাকরিহারা শিক্ষা কর্মীদের একাংশ। 'যোগ্য গ্রুপ সি, গ্রুপ ডি অধিকার মঞ্চ' এর তরফে এই অভিযানের ডাক দেওয়া হয়েছে। টানা বৃষ্টির মধ্যেই তাঁরা হাওড়া ময়দান চত্বরে জমায়েত হন। সেখান থেকে ১০/১২ জনের একটি প্রতিনিধি দলকে নবান্নে পাঠানো হয়েছে। বাকিরা নবান্নের সামনেই অবস্থান করেছেন।

আন্দোলনকারীদের তরফে সুজয় সর্দার, অবিলম্বে ৩ হাজার ৩৯৪ জন যোগ্য শিক্ষাকর্মীকে সসম্মানে স্কুলে পুনর্বহালের দাবী জানিয়েছেন।

*********************

রাজ্য ও কলকাতা পুলিশের 'অতিসক্রিয়তা'র বিরুদ্ধে কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদারের দায়ের করা মামলায়, হলফনামা দিয়ে নিজেদের বক্তব্য জানাতে রাজ্য সময় চেয়েছে। এই মামলার শুনানিতে রাজ্যের তরফে অ্যাডভোকেট জেনারেল কিশোর দত্ত বলেছেন, সুকান্ত মজুমদার কোথাও যাওয়ার অনুমতি চাইলেও তা' দেওয়া হয়নি- এমন উদাহরণ আগে আদালতে দাখিল করা প্রয়োজন। তবে বিচারপতি তীর্থঙ্কর ঘোষ, এ'ধরনের ঘটনা ভবিষ্যতে যাতে না ঘটে, কিশোর দত্তকে তা' দেখতে বলেন। তাঁর পর্যবেক্ষণ, একজন রাজনীতিক ও কেন্দ্রীয় প্রতিমন্ত্রীর অভিযোগ অত্যন্ত বিড়ম্বনার।

সব পক্ষের মতামত শোনার পর আগামী ২৪শে জুলাই পরবর্তী শুনানির দিন ধার্য্য হয়েছে। এই মামলায় কেন্দ্রীয় মন্ত্রী সহ এমন রাজনীতিকদের জন্য রাজ্যকে SOP তৈরির আবেদনও করা হয়েছে।

এদিকে, সুকান্ত মজুমদার বিচারপতি তীর্থঙ্কর ঘোষের পর্যবেক্ষণকে স্বাগত জানিয়েছেন। এক বিবৃতিতে তিনি বলেছেন, রাজ্য পুলিশ বারবার তাঁকে বেআইনিহাবে আটক ও তাঁর গতিবিধি নিয়ন্ত্রণ করার চেষ্টা চালায়। যার ফলে তাঁর মৌলিক অধিকার লঙ্ঘিত হয়েছে। পুলিশের এই আচরণকে তিনি আইনের পরিপন্থী বলেও উল্লেখ করেন।

উল্লেখ্য, সম্প্রতি অন্ততঃ তিনটি ঘটনায় কোন কারণ ছাড়াই সুকান্ত মজুমদারকে কলকাতা পুলিশ হেনস্থা করে বলে অভিযোগ। তারই প্রেক্ষিতে হাইকোর্টের দ্বারস্থ হন কেন্দ্রীয় প্রতিমন্ত্রী।

*********************

শ্রম কোড বাতিল, কর্মসংস্থান, শ্রমিকদের মজুরি বৃদ্ধি সহ ১৭ দফা দাবিতে শ্রমিক সংগঠন এবং শিল্প ফেডারেশনগুলি আগামীকাল দেশ জুড়ে সাধারণ ধর্মঘটের ডাক দিয়েছে। SFI, আইসা, AISF, ও PSU সহ বামপন্থী ৫ টি ছাত্র সংগঠন এই ধর্মঘটকে সমর্থন জানিয়েছে। সামিল হচ্ছে বিভিন্ন ব্যাঙ্কের শ্রমিক সংগঠনগুলি।

অর্থ দপ্তর থেকে জারি করা এক বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে, আগামীকাল সব সরকারি ও আধা সরকারি দপ্তরের কর্মীদের ছুটি বাতিল করেছে।

*********************

গাঙ্গেয় পশ্চিমবঙ্গে সৃষ্ট  নিম্নচাপ অঞ্চল, তার ওপর দিয়ে বিস্তৃত মৌসুমী অক্ষরেখা এবং গুজরাট থেকে দক্ষিণ ওড়িশা পর্যন্ত  পূর্ব-পশ্চিম অক্ষরেখার প্রভাবে দক্ষিণবঙ্গে প্রায় সব জেলাতেই বিক্ষিপ্তভাবে বৃষ্টি হচ্ছে। আবহাওয়া দপ্তরের পূর্বাঞ্চলীয় প্রধান ডক্টর সোমনাথ দত্ত জানিয়েছেন আজ ও আগামীকাল এই  দুদিন দক্ষিণবঙ্গের জেলাগুলিতে মাঝারি থেকে ভারী বৃষ্টির সম্ভাবনা।

************************************************************